# খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা

www.khagracharipourashava.gov.bd

"উন্নয়নের গণতন্ত্র, শেখ হাসিনার মূলমন্ত্র"

স্মারক নং-খা.পৌ.কা./৬২৮(খ) তারিখ: ৩০-০৪-২০২৩

## নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার কার্য বিবরণী:

সভাপতি : সালেহা রহমান
কাউন্সিলর স.আ.নং-১ ও) সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি,খাগড়াছড়ি পৌরসভা।

স্থান : পৌর সম্মেলন কক্ষ
তারিখ : ১৭ এপ্রিল-২০২৩ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার উপস্থিতি "ক" পরিশিষ্ট পাতায় দেখানো হল।

সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচী -১ : ২৩ তম ব্যাচ সেলাই প্রশিক্ষানথীদের পরীক্ষা গ্রহন সংক্রান্ত।**

**আলোচনা:-** সদস্য সচিব প্রভাত তালুকদার শুরুতে পূর্ব সভার রেজুলেশন পাঠ ও অনুমোদনের প্রস্তাব করেন এবং আলোচ্যসূচী নিয়ে সদস্য সচিব বলেন স্থায়ী কমিটির অধীনে সেলাই প্রশিক্ষণার্থীদের কোর্স সময় শেষ তাই প্রশিক্ষনার্থীদের সমাপনী মূল্যায়ন গ্রহনের প্রস্তাব করেন।

**সিদ্ধান্ত :-** সকলের আলোচনা ও সম্মতিতে পূর্ব সভার রেজুলেশন অনুমোদন এবং মেয়র মহোদয় বিষয়টি গুরুত্বসহাকরে নেয়ার জন্য সভাপতির দৃষ্টি আর্কষণ করেন এবং সেলাই কাপ্রশিক্ষন কাজ নিয়মিত চালু রাখা ও যথাসময়ের মধ্যে কোর্স মূল্যায়ন পরীক্ষা গ্রহন করার জন্য সদস্য সচিবকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত হয়।

**বাস্তবায়নে:-** মেয়র,পৌর নির্বাহী কর্মকর্তা,নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ও সদস্য সচিব।

**আলোচ্যসূচী-০২:বিবিধ**।

**আলোচনা ঃ-** বিবিধ আলোচনায় মেয়র বলেন এই প্রশিক্ষনের মাধ্যমে আমাদের উদ্যোক্তা তৈরী করতে হবে নিজেরা উদ্যেগী হয়ে উর্পাজন করবে এবং অন্যেদের ও প্রশিক্ষন দেয়ার সার্মথ্য রাখবে। সভাপতি বলেন জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নে সকল সদস্যদের কমিটিকে সর্বাত্মক সহযোগিতা দরকার।

**সিদ্ধান্ত ঃ** উদ্যেক্তাদের পৌরসভার পক্ষ থেকে সকল প্রকার সহযোগিতা ও প্রশিক্ষন কার্যক্রম আরো ব্যাপকভাবে প্রচার করার বিষয়ে সিদ্ধান্ত হয়।

**বাস্তবায়নেঃ-** মেয়র, ওয়ার্ড কাউন্সিলর, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি।

সভাশেষে কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সালেহা রহমান)
কাউন্সিলর স.আ.নং-১ ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
খাগড়াছড়ি পৌরসভা।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

০১। মেয়র মহোদয়, খাগড়াছড়ি পৌরসভা।
০২। জনাব/জনাবা ............................................... সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, খাগড়াছড়ি পৌরসভা।
০৩। জনাব/জনাবা ................................................................. খাগড়াছড়ি পৌরসভা।
০৪। অফিস কপি।

স্মারক নং-খা.পৌ.কা./৭২৩(ক) তারিখ: ২৫-০৫-২০২৩

## নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার কার্য বিবরণী:

সভাপতি : সালেহা রহমান
কাউন্সিলর স.আ.নং-১ ও সভাপতি,
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি,খাগড়াছড়ি পৌরসভা।

স্থান : পৌর সম্মেলন কক্ষ
তারিখ : ১৮ মে-২০২৩ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার উপস্থিতি "ক" পরিশিষ্ট পাতায় দেখানো হল।
সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচী -১ : নারী উদ্যেক্তাদের দোকান প্লট বরাদ্দ দেয়া সংক্রান্ত।**

**আলোচনা:-** সদস্য সচিব প্রভাত তালুকদার উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমে পূর্ব সভার রেজুলেশন পাঠ ও অনুমোদনের প্রস্তাব করেন এবং আলোচ্যসূচী নিয়ে সভাপতি বলেন ইতিমধ্যে আমাদের ঈদগাহ মার্কেটে দোকান করার জন্য দুই জন নারী আবেদন করেছেন। তারা সেলাই কাজ শেখানোর পাশাপাশি পোশাক তৈরীর কাজ করবে। তাই তাদের আত্ম উন্নয়নের লক্ষ্যে সহজ ভাবে প্লট বরাদ্দ দেয়া যায় কিণা মেয়র নিকট প্রস্তাব রাখেন।

**সিদ্ধান্ত :-**সকলের আলোচনা ও সম্মতিতে পূর্ব সভার রেজুলেশন অনুমোদন ও সভাপতির প্রস্তাবটিকে গুরুত্বসহাকারে নিয়ে মেয়র মেহাদয় বলেন আমি পূর্বে বলেছি যারা আগ্রহ নিয়ে আসবে আমরা নারীদের জন্য নির্ধারিত প্লট হতে অবশ্যই বরাদ্দ দেয়া হবে । এই দুজন নারীকে অফিস নিয়ম অনুযায়ী বাজার শাখা, পৌর নিবার্হী কর্মকর্তা ও সদস্য সচিবের সমন্বয় করে প্লট বরাদ্দ দেয়ার সিদ্ধান্ত হয়।।

**বাস্তবায়নে:-** পৌর নির্বাহী কর্মকর্তা, সদস্য সচিব, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি।

**আলোচ্যসূচী-০২:বিবিধ।**

**আলোচনা ঃ-** আলোচনায় পৌর নির্বাহী কর্মকর্তা খোন্দকার পারভীন আক্তার বলেন আমাদের নারী শিশু বিষয়ক স্থায়ী কমিটির কার্যক্রম প্রতিনিয়ত নিয়ম মাফিক পরিচালিত হচ্ছে এজন্য কমিটিকে ধন্যবাদ জানায়। বরাদ্দ কম থাকলেও প্রকল্পের কার্যক্রম গুলো চালু রাখার প্রস্তাব দেন এবং এতে মেয়র মহোদয়ের সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্ত :** পৌর নির্বাহী কর্মকর্তার প্রস্তাবটিকে গুরুত্বসহাকারে নিয়ে সদস্য সচিব এবিষয়ে মেয়রের সাথে সমন্বয় করার জন্য দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত হয়।

**বাস্তবায়নেঃ-** মেয়র,পৌর নির্বাহী কর্মকর্তা, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলের সু-স্বাস্থ্য কামনা করেন ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সালেহা রহমান)
কাউন্সিলর স.আ.নং-১ ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
খাগড়াছড়ি পৌরসভা।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):
০১। মেয়র মহোদয়, খাগড়াছড়ি পৌরসভা।
০২। জনাব/জনাবা ................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, খাগড়াছড়ি পৌরসভা।
০৩। অফিস কপি।

# খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা

www.khagracharipourashava.gov.bd


"উন্নয়নের গণতন্ত্র,
শেখ হাসিনার মূলমন্ত্র"

স্মারক নং-খা.পৌ.কা./৮৭৪ তারিখ: ২৫-০৬-২০২৩

## নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার কার্য বিবরণী:

সভাপতি : সালেহা রহমান
কাউন্সিলর স.আ.নং-১ ও সভাপতি,
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি,খাগড়াছড়ি পৌরসভা।

স্থান : পৌর সম্মেলন কক্ষ
তারিখ : ১৯ জুন ২০২৩ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা

সভার উপস্থিতি "ক" পরিশিষ্ট পাতায় দেখানো হল।
সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচী -১ : নতুন ব্যাচ কম্পিউটার ও সেলাই প্রশিক্ষন ব্যাচ চালুকরন সংক্রান্ত।**

**আলোচনা:-** সদস্য সচিব সভার শুরুতে সকলকে শুভেচ্ছা জানিয়ে কার্যক্রম শুরু করেন। পূর্ব সভার রেজুলেশন পাঠ ও অনুমোদনের প্রস্তাব করেন এবং আলোচ্যসূচী নিয়ে সদস্য সচিব বলেন আমাদের চলতি কোয়াটারে প্রশিক্ষানী সমাপনি মূল্যায়ন শেষ হয়েছে। এর মধ্যে অনেকে নতুন কোর্সে ভর্তির জন্য আবেদন করেছেন তাই নতুন ব্যাচদের প্রশিক্ষন কার্যক্রম চালু করার জন্য প্রস্তাব রাখেন।
প্রস্তাব দেন।

**সিদ্ধান্ত ঃ** পূর্ব সভার রেজুলেশন অনুমোদন এবং সদস্য সচিবের প্রস্তাবটিকে গুরুত্বসহাকারে নিয়ে বাস্তবায়নের সিদ্ধান্ত হয়।

**বাস্তবায়নে:-** পৌর নির্বাহী কর্মকর্তা, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি।

**আলোচ্যসূচী -১ :বিবিধ ।**

**আলোচনা:-** বিধি আলোচনায় সভাপতি বলেন নারী কমিটি উদ্যোগে বিভিন্ন দিবস বা কার্যক্রম প্রকল্প হতে পালনের নির্দেশনা পত্র এবং বাজেট না পেলেও আমাদের পূর্বের ন্যায় এই কার্যক্রম চালু রাখতে হবে সকল সদস্যদের এতে সহযোগিতা করার অনুরোধ করেন। রাজস্ব খাত হতে বরাদ্দ নিয়ে কার্যক্রম সমূহ বাস্তবায়ন করার প্রস্তাব করেন। মেয়র মহোদয় বলেন নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির পূর্বের সকল কার্যক্রম নিয়মিত ভাবে করার অনুরোধ করেন।

**সিদ্ধান্ত ঃ** পূর্বের ন্যায় নারী শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়।

**বাস্তবায়নে:-** মেয়র, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সালেহা রহমান)
কাউন্সিলর স.আ.নং-১ ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
খাগড়াছড়ি পৌরসভা।

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):
০১। মেয়র মহোদয়, খাগড়াছড়ি পৌরসভা।
০২। জনাব/জনাবা ................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, খাগড়াছড়ি পৌরসভা।
০৩। অফিস কপি।